

## ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণের সম্পূর্ণ বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড- উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ১৪/০৩/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন হবে। ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ([www.nubd.info/formfillup](http://www.nubd.info/formfillup)) দেয়া আছে।

ফিসের তালিকা:  
(নিয়মিত/অনিয়মিত)

বাংলা/ ইরেজি/ইতিহাস/ইসলামী শিক্ষা/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ফিন্যান্স ও ব্যাংকিং/ইস: ইতি: ও সংস্কৃতি/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/ব্যবস্থাপনা/ মার্কেটিং	পদার্থ/গনিত/উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা	রসায়ন
৩৯৮০/-	৪১৩০/-	৪৫৩০/-

গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (১-৮) পত্র

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র	৭ পত্র	৮ পত্র
১০৫৫/-	১৩০৫/-	১৫৫৫/-	১৮০৫/-	২০৫৫/-	২৩০৫/-	২৫৫৫/-	২৮০৫/-

#Conditional Promoted (C- Promoted)- এর ক্ষেত্রে উপরিউক্ত টাকার সাথে আরও ১০০০/- (এক হাজার টাকা মাত্র) যোগ করতে হবে।

# শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের মোট টাকার পরিমাণ = ৫,৫০৫/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nubd.info/formfillup](http://www.nubd.info/formfillup) থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। অনিয়মিত/গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৮ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি আগামী ১৪/০৩/২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগ হতে যাচাই পূর্বক টাকা জমা দেওয়ার রশিদসহ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করবে।

নিয়মিত শিক্ষার্থীদের বিকাশ/নগদ এর মাধ্যমে নিম্নোক্ত পক্রিয়ায় পরীক্ষার ফি জমা দিতে হবে:

নিয়মিত শিক্ষার্থীরা বিকাশ/নগদ এর অ্যপ এ গিয়ে Pay Bill / Education সিলেক্ট করতে হবে। অত:পর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১১ ডিজিটের) রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করতে হবে।

অনলাইনে টাকা জমাদানের পর শিক্ষার্থীদের জন্য করণীয়:

পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ে প্রতিদিন সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টার (সরকারি ছুটির দিন ব্যতিত) মধ্যে নিয়মিত পরীক্ষার্থীরা স্ব স্ব বিভাগে এবং অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে।


সংযুক্তি সমূহ:

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ টি।

(খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের রশ্মি ছবি- ০২ টি।

(গ) অনলাইনে ফি জমাদানের রশিদের একটি ফটোকপিসহ মূলকপি (রশিদে নাম, ক্লাস রোল, বিভাগ, সেশন ও মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে)।

(ঘ) গ্রেড উন্নয়নের ক্ষেত্রে রেজাল্টশীটের ফটোকপি- ০১ টি।

  
(প্রফেসর ড. মো: রেজাউল করিম)  
আইডি নং- ২৫৩০  
অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।